

রঞ্জে বঙ্গবন্ধু-হাসিনার ছবি

## নজরুল বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা বললেন ‘খেয়াল করি নাই’

নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

০৮ আগস্ট ২০২৫, ১১:৩২ এএম



মো. হাফিজুর রহমান। ছবি: আমাদের সময়

ময়মনসিংহের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তার রঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ফর্মাচুটি প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের ছবি সম্বলিত একটি ক্যালেন্ডার দেখা গেছে। এ বিষয়ে জানতে চাইলে ওই কর্মকর্তা জানান, বিষয়টি খেয়াল করেননি তিনি।

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক মো. হাফিজুর রহমানের অফিস কক্ষে এই ক্যালেন্ডার দেখা গেছে।



স্বচ্ছতা-জবাবদিহি ও সুশাসন প্রতিষ্ঠায় নিবেদিত

অগ্রণী বাংকের বঙ্গবন্ধু কনীর এর মাধ্যমে মুজিব দর্শন দেশের বাণিজ ছাড়িয়ে এখন বিশ্বপরিমণ্ডলে

অগ্রণী বাংকের দেশগ্রেণী, ভাস্তুবানিক ও সুব্যাপ্ত এমভি এবং প্রিইও মোহামাদ শামস-উল ইসলাম এর  
উজ্জ্বল চিঠ্ঠা ও নদানে সুজিত বঙ্গবন্ধু কনীর আতির জন্য এ মুজিববর্ষের প্রের্ণ উপহার

Head Office: 91D Dilkusha Commercial Area, Dhaka-1009. PBX Range: 9566153-54, 9566150-62, 9566044-75. Web: www.agranibank.org

**মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার**

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছেন, বাধীনতার ইতিহাসের সঙ্গে  
রাজাবাদের এবং পুলিশের ইতিহাস খৰ্বাক্ষরে লেখা থাকবে।

বাংলাদেশ পুলিশ, র্যাব, বিজিবি এবং সেই এতিহাসিক পৌরো  
বৃক্ষিতে যুগ্মস্থ বর্ষাত্মকী আসাদুজ্জামান খান এবং ডায়নামিক নেতৃত্বে  
শান্তিপূর্ণ বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে এগিয়ে চলছে

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

তৎক্ষণাৎ পুরণ আবেদন করিবেন  
বাংলাদেশ পুলিশ  
বর্জর পার্ট বাংলাদেশ  
বাংলাদেশ কোর্ট পার্ট  
বাংলাদেশ আনন্দসা ও প্রাম একত্রিক বাহিনী

বাংলাদেশ সরাবর সার্ভিস এবং পিলিপ বিক্রেপ  
বাংলাদেশ বেলে  
বাহিনাগমন ও পাসপোর্ট অধিবাসন  
মাস্কপ্রদর্য নিয়ন্ত্রণ অধিবাসন

গতকাল রবিবার সরেজিমিনে দেখা যায়, দেয়ালে ‘ক্যাম্পাস বিশ্ববিদ্যালয়’ শিরোনামে ২০২১ সালের একটি ক্যালেন্ডার রয়েছে, যেখানে শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ খানের ছবি রয়েছে।

জুলাই গণঅভ্যুত্থানের এক বছর পেরিয়ে গেলেও সেই ছবিযুক্ত ক্যালেন্ডার কেন এই প্রশাসনিক কর্মকর্তার দেয়ালে ঝুলছে- এমন প্রশ্নের কোনো ব্যাখ্যা দিতে পারেননি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক।



এ বিষয়ে মো. হাফিজুর রহমান বলেন, ‘বিষয়টি আমি খেয়াল করি নাই। ক্যালেন্ডার তো আমি টানাই না, কে টানিয়েছে আমি জানি না। আমরা থাকি ব্যস্ততার মধ্যে, এত সব কিছু খেয়াল করার মতো সময় থাকে না।’

তিনি আরও বলেন, ‘আমি শেখ হাসিনারও সৈনিক না বা বঙ্গবন্ধুর সৈনিকও না। কোনোদিন ছিলামও না। আমি ১৮ বছর চাকরি করছি, কোনোদিন জয় বাংলার স্লোগান দিয়ে চাকরি করি নাই।’